শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ

ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৪৮ (৪০)

তারিখ ঃ ০৮ মাঘ, ১৪২৯
২২ জানুয়ারি, ২০২৩

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ২৬ জানুয়ারি, ২০২৩ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:৩০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের জানুয়ারি, ২০২৩ মাসের উন্নয়ন সমন্বয় সভা উপজেলা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ২৫-০১-২০২৩ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

২২/১/২৩
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম।
(বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) চেয়ারম্যান,..........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) জনাব..........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২২ - ৪৮ (৪০)/১(৪)

তারিখ ঃ ০৮ মাঘ, ১৪২৯
২২ জানুয়ারি, ২০২৩

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।
৫। অফিস নথি।

২২/১/২৩
( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জানুয়ারি, ২০২৩ সভার তারিখ: ২৬/০১/২০২৩, সময় : বেলা- ১২.৩০ টা।

| ক্র: নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01746-44 5526- | | [signature] |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01712-416-887. | | [signature] |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01718455198 | ulophulbarik@dls.gov.bd | [signature] |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | 01320135458 | | [signature] |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716405066 | | [signature] |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722061195 | ue.fulbari.kur@lged.gov.bd | [signature] |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | [signature] |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস(আমন্ত্রিত)। | | | [signature] |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415267 | useofulbarikurigram@gmail.com | [signature] |
| ১৪ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01740313499 | usso.phulbari@gmail.com | [signature] |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-401808 | sabujkumargupta07@gmail.com | [signature] |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069797 | ummekulsum urdofulbari gmail.com | [signature] |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716415990 | upazilaco op phulbari@gmail.com | [signature] |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01303161834 | fulbari@uhfpo.dghs.gov.bd | [signature] |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724913930 | uwAofullkuri@gmai | [signature] |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765008 | | [signature] |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01710425104 | hasandpi10@gmail.com | [signature] |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415111 | — | [signature] |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম (আমন্ত্রিত) | | | |

উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জানুয়ারি, ২০২৩ সভার তারিখ: ২৬/০১/২০২৩, সময় : বেলা- ১২.৩০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | [signature] |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | [signature] |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৯৬৯৯১৫০ | | [signature] 25/1/2023 |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | [signature] |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727969825 | | [signature] |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | [signature] |
| ৭ | বীর মুক্তিযোদ্ধা জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | 01718387045 | | [signature] ২৫/১/২৩ |

# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

## জানুয়ারি, ২০২৩ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | বীর মুক্তিযোদ্ধা মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ২৬ জানুয়ারি, ২০২৩। |
| সময় | ঃ | বেলা ১২.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি বীর মুক্তিযোদ্ধা জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণসহ সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী)** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তিনি জানান উপজেলা শহর (নন-মিউনিসিপ্যাল) মাস্টার প্লান প্রণয়ন ও মৌলিক অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ফুলবাড়ী উপজেলাধীন ৭০০ মিটার সড়ক পাকাকরণ ৪১০ মিটার ড্রেন, ১০ মিটার কালভার্ট, ১টি পাবলিক টয়লেট, ১টি কসাইখানা এবং ১টি কাঁচা বাজার উন্নয়নের সুযোগ রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে চেয়ারম্যান, উপজেলা পরিষদ নিম্নোক্ত স্কীম গুলো উক্ত প্রকল্পের আওতায় বাস্তবায়নের জন্য সভায় প্রস্তাব করেন।<br>১) ফুলবাড়ী ডিগ্রী কলেজ রোড থেকে ভদের বাজার ভায়া বুদারবান্নি সড়কের (আইডি নং-১৪৯১৮৪০১) চেইনেজ: ৪১৩০০-২০০০ মি: সড়ক পাকাকরণ;<br>২) ফুলবাড়ী উপজেলা পরিষদের সামনের পানি নিস্কাশনের জন্য আরসিসি ড্রেন নির্মাণকরণ।<br>৩। মুছল্লিপাড়া সড়কে বিছমিল্লাহ্ আনছারের বাড়ির সামনে ২ মিটার বক্স কালভার্ট নির্মাণকরণ।<br>এ ছাড়া পাবলকি টয়লেট, কসাইখানা এবং কাঁচা বাজার নির্মাণের পর্যাপ্ত জায়গা না থাকায় পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে অবহিত করেন।<br>সভায় উপজেলা প্রকৌশলী আরও জানান যে, উপজেলা রাজস্ব তহবিলের অধীন উপজেলা কমপ্লেক্সের বাউন্ডারী ওয়াল ও গেট নির্মাণ কাজ চলমান রয়েছে। গেটের লে-আউট কাজের জন্য উপজেলা পরিসংখ্যান ও তুলা উন্নয়ন বোর্ডের অফিস ঘর এবং উপজেলা কমপ্লেক্সের পুরাতন বাউন্ডারী ওয়াল জরুরীভাবে অপসারণ প্রয়োজন। যা প্রাক্কলিত মূল্য টাকা =৩০,৪৭৩/- (ত্রিশ হাজার চারশত তিয়াত্তর) মাত্র প্রস্তুত করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রাখার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। (১) আলোচনান্তে উক্ত প্রস্তাব গুলো সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়।<br>(২) উপজেলা পরিসংখ্যান, তুলা উন্নয়ন বোর্ডের অফিস ঘর এবং পুরাতন বাউন্ডারী ওয়াল নিলামে বিক্রয় করে জরুরীভাবে অপসারণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>২। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/২)

সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদের অভ্যন্তরে উপজেলা হিসাব রক্ষণ অফিস ও উপজেলা খাদ্য অ জুরুরীভাবে মেরামত করার জন্য কর্মকর্তাদ্বয় দীর্ঘ দিন যাবত অনুরোধ করে আসছেন। এই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী কার্যালয়ের একজন উপ-সহকারী প্রকৌশলী'কে সরেজমিনে গিয়ে দেখার জন্য বলা হলে তিনি জানান যে, উপজেলা হিসাব রক্ষণ অফিস এ প্লাষ্টার, রং ও দরজা-জানালার কাজ করা খুবই জরুরী এবং উপজেলা খাদ্য অফিসের উপরের চালার ঢেউটিন পরিবর্তন না করলে অফিসের দরকারী কাগজপত্রাদি বৃষ্টির পানি পড়ে নষ্ট হয়ে যাবে। ফলে উক্ত অফিসের মেরামত কাজ চলতি ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা হিসাব রক্ষন অফিস ও খাদ্য অফিস মেরামত করার জন্য নিম্নোক্তভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটিগণের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা হিসাব রক্ষণ অফিস মেরামত করণ। | | | |
| | ১। মোঃ মাহাবুল হক খন্দকার | ইউপি সদস্য (বড়ভিটা) | সভাপতি | প্রাক্কলিত মূল্য-২০০০০০/- |
| | ২। মোঃ রুহুল আমিন | গণ্যমান্য | সদস্য সচিব | |
| | ৩। মোঃ এনামুল হক | শিক্ষক | সদস্য | |
| | ৪। মোঃ মোশারফ আলী | ঈমাম | সদস্য | |
| | ৫। মোঃ সাহেব আলী | মুক্তিযোদ্ধা | সদস্য | |
| | ৬। মোঃ মুসাব্বের আলী | সমাজ সেবক | সদস্য | |
| | ৭। মোছাঃ আফরোজা বেগম | সমাজকর্মী | সদস্য | |
| | ৭। মোছাঃ হাওয়া বেগম। | সমাজকর্মী | সদস্য | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | উপজেলা খাদ্য অফিস মেরামত করণ। | | | |
| | ১। শ্রী মাখন চন্দ্র | ইউপি সদস্য (ফুলবাড়ী) | সভাপতি | প্রাক্কলিত মূল্য-২০০০০০/- |
| | ২। শ্রী কানাই সেন | গণ্যমান্য | সদস্য সচিব | |
| | ৩। শ্রী ভারত চন্দ্র | শিক্ষক | সদস্য | |
| | ৪। মোঃ আমিনুল ইসলাম | ঈমাম | সদস্য | |
| | ৫। মোঃ জাইদুল হক | মুক্তিযোদ্ধা | সদস্য | |
| | ৬। মোঃ আয়নাল হোসেন | সমাজ সেবক | সদস্য | |
| | ৭। মোছাঃ জয়নব বেগম | সমাজকর্মী | সদস্য | |

সভায় চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ জানান যে, আসন্ন এসএসসি পরীক্ষা শিমুলবাড়ী বোর্ডেরহাট হতে বালারহাট জিসি রাস্তার পার্শ্বে অবস্থিত মিয়াপাড়া নাজিম উদ্দিন উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। কিন্তু উক্ত রাস্তাটির বিভিন্ন অংশ গত বন্যায় ব্যাপক ক্ষতিগ্রস্থ হওয়ায় যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে পড়েছে। ফলে রাস্তাটিকে পরীক্ষা কেন্দ্র পর্যন্ত নিরাপদ ও নিরবিচ্ছিন্ন যোগাযোগের স্বার্থে মেরামত করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। এমতাবস্থায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে রাস্তাটি মেরামত করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তাটি জরুরী ভিত্তিতে মেরামত করার লক্ষ্যে নিম্নোক্তভাবে প্রকল্প বাস্তবায়ন কমিটিগণের সিদ্ধান্ত গ্রহণ করা হলো।

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | শিমুলবাড়ী বোর্ডেরহাট হতে বালারহাট জিসি রাস্তায় মিয়াপাড়া নাজিম উদ্দিন উচ্চ বিদ্যালয় পর্যন্ত রাস্তা মেরামত করণ। | | | |
| | ১। মোঃ শরীফুল আলম মিয়া | ইউপি চেয়ারম্যান | সভাপতি | প্রাক্কলিত মূল্য-১৫০০০০/- |
| | ২। মোঃ তাজুল ইসলাম | গণ্যমান্য | সদস্য সচিব | |
| | ৩। মোঃ মমিনুর রহমান | শিক্ষক | সদস্য | |
| | ৪। মোঃ আবেদ আলী | ঈমাম | সদস্য | |
| | ৫। মোঃ আব্দুস সামাদ | মুক্তিযোদ্ধা | সদস্য | |
| | ৬। প্রদীপ কুমার রায় | সমাজ সেবক | সদস্য | |
| | ৭। মোছাঃ মৌসুমী | সমাজকর্মী | সদস্য | |

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে উহা সর্বসম্মতিক্রমে গৃহিত হলো এবং উপজেলা প্রকৌশলীকে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হলো।

(চলমান পাতা/৩)

<table>
<tr>
<td>কৃষি বিভাগ</td>
<td>উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি তাঁর দপ্তরের জানুয়ারি, ২০২৩ মাসের কার্যক্রম সম্পর্কে সভায় আলোচনা করেন :<br>(ক) বোরো ধান আবাদের লক্ষ্যমাত্রা ১০.১৩৫ হে: এর মধ্যে ৬.৮৫০ হে: জমিতে ধানের চারা রোপন করা হয়েছে ০৫/২/২০২৩ পর্যন্ত।<br>(খ) ৩০৫ হে: জমিতে গম চাষ করা হয়েছে।<br>(গ) ১৮৭৫ হে: জমিতে ভুট্টা চাষ করা হয়েছে।<br>(ঘ) ৮০৫ হে: জমিতে আলু চাষ করা হয়েছে।<br>(ঙ) ১৬৫০ হে: জমিতে সরিষার চাষ করা হয়েছে।<br>২। পতিত জায়গা ব্যবহার করে পরিবারের সজির চাহিদা মেটানোর জন্য ৪৫টি পারিবারিক পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে।</td>
<td>কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।</td>
<td>উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত ডিসেম্বর/২০২২ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২১৬২টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১৪১৯৮টি</td></tr>
<tr><td>৩</td><td>নমুনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ</td><td>১৭টি</td></tr>
<tr><td>৪</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৪৮২০ টি</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৫৩,০০০টি</td></tr>
<tr><td>৬</td><td>গবাদি পশুর কৃত্রিম প্রজনন</td><td>৩১৩টি</td></tr>
<tr><td>৭</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>১০১ টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠকে অংশগ্রহণকারী</td><td>৫৯ জন</td></tr>
<tr><td>১০</td><td>উন্নত জাতের ঘাষ চাষ কার্যক্রম</td><td>১.১ একর</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ হাসপাতালের কার্যক্রম স্বাভাবিক।</td>
<td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান আরো বৃদ্ধি করতে অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা</td>
<td>অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ফুলবাড়ী উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে।</td>
<td>মাদক পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখতে হবে।</td>
<td>১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২। ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)।</td>
</tr>
</table>

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরো জানান প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীর ভর্তির কার্যক্রম চলমান রয়েছে;<br>২। বিনা মূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান রয়েছে;<br>৩। কোভিড-১৯ এর ছাত্র/ছাত্রীদের টিকাদান পুনরায় চালু হয়েছে;<br>৪। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে নতুন ১০৮ জন সহকারী শিক্ষক যোগদান করেছেন।<br>৫। যে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন হয়নি, সে সকল বিদ্যালয়ের এসএমসি গঠন কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে:<br>(ক) ডিসেম্বর, ২০২২ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৮০১ জনকে ১,৫৪,৪৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) ডিসেম্বর, ২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮১৮৯ জনকে ৪,০৪,৮৮,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) ডিসেম্বর, ২০২২ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৩৫৬ জনকে ১,০৫,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>২। ডিসেম্বর,২০২২ পর্যন্ত ৭৯১৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>৩। ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮৩%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৫% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>তিনি আরো জানান, তাঁর কার্যালয়ের ইলেক্ট্রিক ওয়ারিং মারাত্মক ঝুকিপূর্ণ, অফিসের সামনে বৈদ্যুতিক লাইট নেই এবং অফিসঘর জরুরী ভিত্তিতে মেরামত/সংস্কার করা জরুরী প্রয়োজন। | ১)দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।<br>২) অফিস ঘর মেরামত ও বৈদ্যুতিক ওয়ারিং এর প্রাক্কলন প্রস্তুতপূর্বক পরবর্তী সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়। | ১।উপজেলা প্রকৌশলী ফুলবাড়ী, কুড়িগ্রাম। ২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। । |
| মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে এবং জেলে নিবন্ধন ও জেলেদের জাতীয় পরিচয়পত্রের কাজ হালনাগাদকরণ চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। উপজেলা পর্যায়ে ৫১তম জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে।<br>২। নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ক উপজেলা পর্যায়ে ৬৩২ জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন এবং প্রশিক্ষণবিহীন অবশিষ্ট শিক্ষকের তালিকা প্রস্তুতকরণের কাজ চলমান।<br>৩। নতুন কারিকুলাম বাস্তবায়ন বিষয়ক প্রতিষ্ঠান প্রধানগণের উদ্দেশ্যে তথ্য প্রেরণ সম্পন্ন হয়েছে।<br>৪। ২০২৩ শিক্ষাবর্ষে নতুন বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ কার্যক্রম চলমান।<br>৫। ৬ষ্ঠ হতে ১১শ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তির তথ্য সংশোধন কার্যক্রম চলমান।<br>৬। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যানড্রয়েড সেটে **e-mail** ও **facebook** ব্যবহার চালু রাখা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথ ভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী |
| প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। কোন সমস্যা নেই। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন কর্মসূচি/ প্রকল্প-সমূহের কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ভালনারেবল উইমেন বেনিফিট (ডিডব্লিউবি) কার্যক্রমের আওতায় ২০২১-২০২২ চক্রে ৬(ছয়)টি ইউনিয়নে ৫৭৯৫ জন উপকারভোগী রয়েছে। উক্ত উপকারভোগীদের নভেম্বর/২০২২ মাসের চাউল (খাদ্য শষ্য) বিতরণ করা হয়েছে।<br>(২) ২০২৩-২০২৪ চক্রের ভালনারেবল উইমেন বেনেফিট (ডিডব্লিউবি) কার্যক্রমের আওতায় জানুয়ারি, ২০২৩ হতে নতুন উপকারভোগী অন্তর্ভুক্ত হবে। উপকারভোগী নির্বাচন ও যাচাই কার্যক্রম চলমান রয়েছে। ফুলবাড়ী উপজেলায় মোট বরাদ্দ ৪৯০০টি।<br>(৩) ফুলবাড়ী উপজেলার ৬টি ইউনিয়নে "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসূচিতে ১১৯৪ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে রাজস্বখাতে মহিলা প্রশিক্ষণ চলমান রয়েছে। জানুয়ারি ২০২৩ হতে নতুন ব্যাচের ১০(দশ) জনের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।<br>(৫) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) ১৮তম ব্যাচের প্রশিক্ষণ শুরু করা হয়েছে। (৬) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। নভেম্বর/২২ মাস হতে নাস্তা প্রদান করা হচ্ছে এবং জানুয়ারি/২৩ হতে নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হবে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রামকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় পরিচালিত বিভিন্ন ক্ষুদ্রঋণ কার্যক্রম যথারীতি চলমান রয়েছে। এ ছাড়া গত ডিসেম্বর, ২০২২ মাসের প্রতিবেদন পর্যালোচনা করে আদায়ের হার বৃদ্ধি করতে তাগাদা দেয়া হয়েছে। ১) ২০২২-২৩ অর্থবছরের অতিরিক্ত বরাদ্দের ভাতাভোগীসহ G2P সিস্টেমে সকল ভাতাভোগীর ভাতা প্রদানের অগ্রগতি সম্পর্কে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ২) চলতি ২০২২-২৩ অর্থবছরে ভাতাভোগীদের ফিজিক্যাল যাচাই-বাছাইয়ের বিষয়ে জানান যে, গত সেপ্টেম্বর, ২০২২ মাসের সমন্বয় সভায় উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী ফুলবাড়ী উপজেলার সকল ধরণের ভাতাভোগীদের উপস্থিতিতে মৃত ও নিরুদ্দেশ ভাতাভোগী যাচাই করা হয়েছে। ভাতা ভোগীদের অধিকাংশই বয়স্ক ও প্রতিবন্ধী হওয়া যাচাই-বাছাই কার্যক্রমে কিছুটা বিলম্ব হয়েছে এবং সেইসাথে প্রতিস্থাপনে কিছুটা বিলম্ব হওয়ায় কিছু সংখ্যক ভাতাভোগীর পে-রোল প্রেরণ করা যায়নি। ৩) সকল প্রতিবন্ধী ভাতাভোগী যাচাই করার সিদ্ধান্ত গ্রহণ; ৪) প্রতিবন্ধী পরিচয়পত্র না থাকায় ভাতাভোগীদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং দ্রুততার সাথে প্রতিস্থাপন করত: শতভাগ পে-রোল প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সকলের সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যাবলীসহ গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামীণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ দিয়ে থাকে। তাছাড়া ফসলী কর্জ; মেয়াদী কর্জ (সেচযন্ত্র); আবর্তক (কৃষি); সদাবিক; পল্লী প্রগতি প্রকল্প; পদাবিক; উদকনিক; গুচ্ছগ্রাম এবং অসচ্ছল বীর মুক্তিযোদ্ধা ঋণ বিতরণ, আদায় কার্যক্রম চলমান। বিতরণ বছরে ২.০০ ক্রমপুঞ্জি সর্বমোট =৪৩১০.৬৭, আদায় বছরে ১০.২২, ক্রমপুঞ্জি ৩৮৯৮.৪৩ হার ৯০%, উপকারভোগী ১০৮২৭ জন।<br>প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা ২৪, অর্জন বছরে ২৪, ক্র:পুঞ্জি ২১৫০। ধরণ : সেলাই, এমব্রয়ডারি, শতরঞ্জি বুনন, বাটিক বুটিক। | কৃষক, পেশাজীবি, অতিদরিদ্র গ্রামিণ জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঋণ কার্যক্রমসহ দক্ষতা উন্নয়নের প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ফুলবাড়ী। |
| বড়ভিটা ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ পক্ষপাতিত্বমূলক আচরণ করে কৃষি কার্যক্রম চালান। তাঁরা কৃষক কার্ড প্রদানসহ বিভিন্ন কৃষি উপকরণ বিতরণে তাঁদের ঘনিষ্ঠদের মাঝে বিতরণ করেন। তিনি বড়ভিটা ইউনিয়নে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে অন্য ইউনিয়নে বদলির প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে উপ-সহকারী কৃষি কর্মকর্তাকে এক ইউনিয়ন হতে অন্য ইউনিয়নে বদলির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| বিবিধ | (১) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত জানুয়ারি/২০২৩ মাসের মোট বিদ্যুৎ বিল বাবদ ৫,৬২৬/-(পাঁচ হাজার ছয়শত ছাব্বিশ) টাকার বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপজেলা চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ ও আনসার সেডে ব্যবহৃত জানুয়ারি/ ২০২৩ মাসের বিদ্যুৎ বিল বাবদ ৫,৬২৬/-(পাঁচ হাজার ছয়শত ছাব্বিশ) টাকা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| | (২) উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের সিএ কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকের ব্যবহৃত একটি টেবিল (গ্লাসসহ) ক্রয় করা প্রয়োজন। উক্ত কাজে ভ্যাট ও আয়করসহ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হবে। উক্ত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার জন্য প্রস্তাব করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়ের সিএ কাম কম্পিউটার মুদ্রাক্ষরিকের ব্যবহৃত একটি টেবিল (গ্লাসসহ) ভ্যাট ও আয়কর- সহ ২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয়ের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বীর মুক্তিযোদ্ধা মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**
**www.phulbari.kurigram.gov.bd**

তারিখ : ১৭ মাঘ, ১৪২৯ / ৩১ জানুয়ারি, ২০২৩

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২২-৮০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ......................................................................, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান..............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব......................................................................, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

৩১/০১/২৩
**( সুমন দাস )**
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

৩১/০১/২৩